## আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০২০-এর মূল্যায়ন নির্দেশিকা

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের বিপরীতে উল্লিখিত প্রতিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকৃত অর্জন মূল্যায়ন করা প্রয়োজন।

২। আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি ও পদ্ধতি অনুসরণ করা যেতে পারে:

- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে স্ব স্ব আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের প্রতিটি কার্যক্রমের আওতায় উল্লিখিত প্রতিটি সূচকের বিপরীতে প্রকৃত অর্জন সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করতে হবে;
- আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোতে উল্লিখিত প্রতিটি কার্যক্রমের বিপরীতে অর্জিত ফলাফল উল্লেখপূর্বক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে;
- মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে প্রতিটি কার্যক্রমের বিপরীতে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের হতে প্রাপ্ত অর্জন সংক্রান্ত তথ্যাদি এবং প্রমাণকসমূহ যথাযথভাবে যাচাই করতে হবে এবং এ সকল প্রমাণক/তথ্যের যথার্থতা নিরূপণ করতে হবে;
- আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নৈতিকতা কমিটি সরজমিনে যাচাইঅন্তে অর্জনের সপক্ষে প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক প্রমাণকসমূহ সংরক্ষণ করবেন এবং দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির চাহিদা মোতাবেক তা তাৎক্ষণিকভাবে সরবরাহ করবে;
- প্রমাণকের কলেবর বিবেচনা করে ক্ষেত্র-বিশেষে নৈতিকতা কমিটি কর্তৃক প্রকৃত অর্জনের সপক্ষে প্রয়োজনীয় দলিলাদি পিডিএফ আকারে আপলোড করা যেতে পারে;
- নৈতিকতা কমিটি কর্তৃক অনুপুঙ্খভাবে পর্যালোচনান্তে ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর মূল্যায়ন অনুমোদিত মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব দপ্তর/সংস্থায় রপ্রেরণ করতে হবে।

৩। ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা..................................৮** | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | প্রতি ত্রৈমাসিকে আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন……………………………….. ১০** | | | | | |
| ২.১ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ২ | সংখ্যা | অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী |
| ২.২ অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ২ | % | প্রতিটি আয়োজিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
| ২.৩ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | প্রশিক্ষণার্থীগণের উপস্থিতি |
| ২.৪ কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণার্থী | ৩ | সংখ্যা | প্রশিক্ষণের অংশগ্রহণকারী/প্রশিক্ষণার্থীর মোট সংখ্যার লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | প্রশিক্ষণার্থীগণের উপস্থিতি |
| **৩. শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়েল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন…………….১০** | | | | | |
| ৩.১ | | | | শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/ নীতিমালা/ম্যানুয়েল প্রণয়ন/সংস্কার/ হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/ পরিপত্র জারির ক্ষেত্রে কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না। | গেজেট, গৃহীত কার্যক্রম সংক্রান্ত পত্র |
| ৩.২ | | | | | |
| **৪. ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ…………………………….৮** | | | | | |
| ৪.১ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | তথ্য বাতায়নে দৃশ্যমানকৃত | ২ | তারিখ | স্ব স্ব তথ্য বাতায়নে লক্ষ্যমাত্রায় উল্লেখিত তারিখের মধ্যে দৃশ্যমান স্থানে সংযুক্তকরা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে বা তথ্য বাতায়নে দৃশ্যমান না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৪.২ স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ২ | তারিখ | হালনাগাদকৃত দাবি করা হলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণসাপেক্ষে পূর্ণ | স্ব স্ব ওয়েবসাইট |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | নম্বর পাওয়া যাবে।<br>উল্লেখ্য, শুদ্ধাচার সংক্রান্ত সেবাবক্সে<br>১. বার্ষিক কর্ম-পরিকল্পনা;<br>২. ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি;<br>৩.প্রজ্ঞাপন/নীতিমালা/পরিপত্র/কার্যবিবরণী; এবং<br>৪. যোগাযোগ-এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে। | |
| ৪.৩ স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ | সেবাবক্স হালনাগাদকৃত | ২ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। এক্ষেত্রে, তথ্য অধিকার সংক্রান্ত সেবাবক্সে<br>১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আপিল কর্তৃপক্ষ,<br>২. তথ্য অধিকার ফরম<br>৩. **অবেক্ষণ ও পরিবীক্ষণ** কমিটির সভার কার্যবিবরণী, এবং<br>৪. স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা সন্নিবেশ করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৪.৪ স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | ওয়েবসাইটে হালনাগাদকৃত | ২ | তারিখ | স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকৃত দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। উল্লেখ্য, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত সেবাবক্সে<br>১. অনিক ও আপিল কর্মকর্তা;<br>২. নীতিমালা/নির্দেশিকা/পরিপত্র;<br>৩. অভিযোগ ও প্রতিকারের পরিসংখ্যান; এবং<br>৪. অনলাইন আবেদন-এই চারটি লিঙ্কে তথ্যাদি হালনাগাদ করে আপলোড করতে হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| **৫. সুশাসন প্রতিষ্ঠা**..................................৭ | | | | | |
| ৫.১ শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব দপ্তর/সংস্থায় প্রেরণ | উত্তম চর্চার তালিকা প্রেরিত | ৪ | তারিখ | নির্ধারিত তারিখের মধ্যে উত্তম চর্চার (best practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার শাখায় প্রেরণ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | প্রাপ্ত তালিকা, অগ্রায়ন পত্র |
| ৫.২ অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ | অভিযোগ নিষ্পত্তিকৃত | ৩ | % | অনলাইন সিস্টেমে প্রাপ্ত অভিযোগ লক্ষ্যমাত্রা অনুসারে নিষ্পত্তি করা হলে | স্ব স্ব ওয়েবসাইট |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | পূর্ণ নম্বর পাওয়া যাবে। | |
| **৬(ক). সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার..........................১৪** | | | | | |
| ৬(ক).১ সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন | অভিযোগ বক্স স্থাপিত | ২ | তারিখ | সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণের নিমিত্ত দৃশ্যমান স্থানে লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখের মধ্যে অভিযোগ বক্স স্থাপন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে প্রতি পাক্ষিক বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | অভিযোগ বক্স স্থাপন সংক্রান্ত অবহিতকরণ পত্র এবং পরিদর্শন প্রতিবেদন। |
| ৬(ক).২ হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক স্থাপন | হেল্প ডেস্ক/ ইনফরমেশন ডেস্ক/ ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক স্থাপিত | ৪ | তারিখ | হেল্প ডেস্ক/ইনফরমেশন ডেস্ক/ওয়ান স্টপ সার্ভিস ডেস্ক লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখের মধ্যে স্থাপন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে প্রতি পাক্ষিক বিলম্বের জন্য ০.৫০ করে নম্বর কর্তন হবে। | অফিস আদেশ |
| ৬(ক).৩ প্রদত্ত সকল সেবার সহজীকৃত প্রসেস ম্যাপ প্রস্তুতকরণ এবং ওয়েবসাইটে আপলোডকরণ | প্রসেস ম্যাপ প্রস্তুতকৃত এবং ওয়েবসাইটে আপলোডকৃত | ২ | তারিখ | সহজীকৃত সেবার প্রসেস ম্যাপ প্রস্তুত করে ওয়েবসাইটে লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখের মধ্যে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে প্রতি পাক্ষিক বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৬(ক).৪ সেবা প্রার্থীদের জন্য বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মাণ/ প্রস্তুতকরণ | বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মিত/ প্রস্তুতকৃত | ৪ | তারিখ | সেবা প্রার্থীদের জন্য লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখের মধ্যে বিশ্রামস্থল/ অপেক্ষা কক্ষ/ বসার স্থান নির্মাণ/ প্রস্তুত করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে প্রতি পাক্ষিক বিলম্বের জন্য ০.৫০ করে নম্বর কর্তন হবে। | অফিস আদেশ, স্থিরচিত্র চিত্র |
| ৬(ক).৫ সেবা প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখভিত্তিক টোকেন পদ্ধতি প্রচলন | টোকেন পদ্ধতি প্রচলিত | ২ | তারিখ | সেবা প্রদানের ক্ষেত্রে নির্দিষ্ট তারিখভিত্তিক টোকেন পদ্ধতি লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখের মধ্যে প্রচলন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রা অর্জিত না হলে প্রতি পাক্ষিক বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | প্রদত্ত টোকেন |
| **৬(খ). প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার..........................১৪** | | | | | |
| ৬(খ).১ প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | অনুমোদিত ক্রয় পরিকল্পনা | ৪ | তারিখ | অর্থবছরের প্রারম্ভে প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | অফিস আদেশ ও স্ব স্ব ওয়েবসাইট |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৬(খ).২ সামাজিক নিরাপত্তা কর্মসূচি/ এডিপি বাস্তবায়ন অগ্রগতি | অগ্রগতির হার | ৪ | % | অর্থবছরের শেষে এডিপি/আরএডিপি বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জন না হলে গাণিতিক হারে নম্বর কর্তন করা হবে। | সংশ্লিষ্ট প্রতিবেদন |
| ৬(খ).৩ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ | দাখিলকৃত প্রতিবেদন | ২ | সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | পরিদর্শন/ পরিবীক্ষণ প্রতিবেদন |
| ৬(খ).৪ প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | বাস্তবায়নের হার | ৪ | % | পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |
| **৭. ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার..................৩** | | | | | |
| ৭.১ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | ২০১৯-২০ অর্থ-বছরের প্রারম্ভে বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করা হলে এবং ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। বিলম্বের ক্ষেত্রে প্রতি মাসের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। উল্লেখ্য সংশোধিত বাজেট প্রাপ্তি সাপেক্ষে বার্ষিক ক্রয়-পরিকল্পনা সংশোধন করা যাবে এবং নির্ধারিত তারিখের মধ্যে না হলে প্রতি পাক্ষিকের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| **৮. স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ.........................১৪** | | | | | |
| ৮.১ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়িত এবং ওয়েবসাইটে প্রকাশিত | ২ | % | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ৮.২ শাখা/অধিশাখা/অধীনস্ত অফিস পরিদর্শন | পরিদর্শন সম্পন্ন | ২ | সংখ্যা | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শনের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | পরিদর্শন/ পরিবীক্ষণ প্রতিবেদন |
| ৮.৩ শাখা/অধিশাখা/অধীনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়িত | ২ | % | পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে | বাস্তবায়ন প্রতিবেদন, সংশ্লিষ্ট পত্র |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | |
| ৮.৪ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ | নথি শ্রেণি বিন্যাসকৃত | ২ | % | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি-বিন্যাসকরণ লক্ষ্যমাত্রার বিপরীতে পূর্ণ নম্বর দাবি করা হলে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক পরিবীক্ষণ সাপেক্ষে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | সংশ্লিষ্ট রেজিস্ট্রার |
| ৮.৫ শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ | নথি বিনষ্টিকৃত | ২ | % | শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | বিনষ্টিকৃত নথির তালিকা |
| ৮.৬ প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন | গণশুনানী আয়োজিত | ২ | সংখ্যা | লক্ষ্যমাত্রা অনুসারে প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | নোটিশ, পত্র, ছবি |
| ৮.৭ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ২ | % | লক্ষ্যমাত্রা অনুসারে অডিট আপত্তি নিষ্পত্তি করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | সংশ্লিষ্ট পত্র |
| **৯. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুনীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম……………….১৫ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম)** | | | | | |
| ৯.১ | | | | স্ব স্ব কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার নিমিত্ত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমসমূহের মধ্যে হতে অন্য যেকোন উপযুক্ত কার্যক্রম গ্রহণ করতে পারে। কার্যক্রম, কর্মসম্পাদন সূচক ও একক যথাযথ হওয়া সাপেক্ষে এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। অন্যথায় কোন নম্বর প্রদান করা যাবে না। | স্ব স্ব ওয়েবসাইট, পত্র, নোটিশ, ছবি |
| ৯.২ | | | | | |
| ৯.৩ | | | | | |
| **১০. শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার/প্রণোদনা প্রদান……………………….৫** | | | | | |
| ১০.১ শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | ৩ | তারিখ | ২০১৯-২০ অর্থ-বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | আদেশ, পত্র |
| ১০.২ ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশিত | ২ | তারিখ | ২০১৮-১৯ অর্থবছরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের তালিকা লক্ষ্যমাত্রায় উল্লিখিত তারিখে ওয়েবসাইটে প্রকাশ করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| **১১. অর্থ বরাদ্দ…………………………………………………….২** | | | | | |
| ১১.১ শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অর্ন্তভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | বরাদ্দকৃত অর্থ | ২ | লক্ষ টাকা | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ব্যয়ের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন শতভাগ হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। তবে অর্জন শতভাগ না | অর্থ ব্যয় সংক্রান্ত পত্র |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | মূল্যায়ন পদ্ধতি | প্রমাণক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | হলে গাণিতিকহারে নম্বর কর্তন হবে। | |
| **১২. পরিবীক্ষণ ও মূল্যায়ন**..................................৪ | | | | | |
| ১২.১ আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | প্রণীত কর্ম-পরিকল্পনা আপলোডকৃত | ২ | তারিখ | ১৫ জুলাই ২০১৮ তারিখের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ এবং ওয়েবসাইটে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | স্ব স্ব ওয়েবসাইট |
| ১২.২ নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ২ | সংখ্যা | প্রত্যেক ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। | স্ব স্ব ওয়েবসাইট |

- ৩১ মার্চ ২০২০ তারিখের পর লক্ষ্যমাত্রার কোনরূপ সংশোধন গ্রহণযোগ্য হবে না।

৪। Rules of Business, Allocation of Business, আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কর্মবন্টন অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর কোনো কার্যক্রম উক্ত আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য না হলে উক্ত কার্যক্রমের বিপরীতে প্রদেয় নম্বর বাদ দিয়ে শতাংশ নির্ধারণ করা হবে।

৫। দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি সংশ্লিষ্ট অধিশাখা/শাখা থেকে তথ্য সংগ্রহ করবে।

৬। আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় হতে প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদন শুদ্ধাচার ফোকাল পয়েন্টসহ দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সভায় পর্যালোচনা করা হবে।

৭। দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটের সদস্যবৃন্দ দৈবচয়নের ভিত্তিতে মূল্যায়ন প্রতিবেদনে অর্ন্তভুক্ত নির্ধারিত কার্যক্রমের বিপরীতে প্রকৃত অর্জন যাচাই করতে পারবে।

৮। দপ্তর/সংস্থার নৈতিকতা কমিটি কর্তৃক যাচাই অন্তে প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মূল্যায়ন প্রতিবেদন সারসংক্ষেপ আকারে সংশ্লিষ্ট সচিব সমীপে উপস্থাপন করবে। সচিব কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুসারে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।